# বন অধিদপ্তরের চলমান, বাস্তবায়নাধীন এবং ভবিষ্যতে ডিজিটাইজেশনযোগ্য সেবার তালিকা

| ক্র | ডিজিটাইজড/ই-সেবার নাম | সেবার ক্ষেত্র | সেবার বিবরণ | ফলাফল | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|
| ০১ | ৩৩৩-৪<br>লিংক: https://cms.333.gov.bd/login.html | সমগ্র বাংলাদেশ | টোল ফ্রি হেল্পলাইন নম্বর ৩৩৩-৪ এর মাধ্যমে এটুআই এর এজেন্টবৃন্দ বন অধিদপ্তর সম্পর্কিত নাগরিকগণের চাহিত তথ্য প্রদান করেন এবং অভিযোগ গ্রহণ করেন। পরবর্তীতে বন অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিজ নিজ আইডি হতে প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তি করে থাকেন। প্রধান কার্যালয়ে হতে সিএমএস সিস্টেমের মাধ্যমে মনিটরিং করা হয়। | অনলাইন প্ল্যাটফরমে নাগরিক হেল্পলাইন পরিচালনা, তথ্য প্রদান, অভিযোগ গ্রহণ ও দ্রুততম সময়ে নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে। | চলমান |
| ০২ | স্মার্ট প্যাট্রোলিং<br>লিংক: https://smart.bforest.gov.bd/server/connect/dashboardbeta | বন অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন রক্ষিত এলাকাসমূহ | SMART (স্পেশিয়াল মনিটরিং অ্যান্ড রিপোর্টিং টুল) একটি উদ্ভাবনী ম্যানেজমেন্ট টুল যা রক্ষিত এলাকা এবং বন্যপ্রাণী নিরীক্ষণে সাহায্য করার জন্য ডিজাইন করা হয়েছে। স্মার্ট টহল সুন্দরবনে প্রথমবারের মতো ২০১৭ সালে চালু করা হয় এবং বর্তমানে সারা দেশে ১৫টি কনজার্ভেশন এরিয়ায় স্মার্ট মোবাইল অ্যাপের মাধ্যমে ডেটা সংগ্রহ, স্মার্ট ডেস্কটপ অ্যাপের মাধ্যমে ডেটা ম্যানেজমেন্ট এবং স্মার্ট কানেক্ট সার্ভারের মাধ্যমে কেন্দ্রীয় ভাবে ডেটা মনিটরিং করা হচ্ছে। | স্মার্ট কানেক্ট সার্ভারে সিনক্রোনাইজেশনের মাধ্যমে তাৎক্ষণিকভাবে প্যাট্রোলিং অবজারভেশন ডেটা স্থানান্তর, রিপোর্ট প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণ করা যাচ্ছে। | চলমান |
| ০৩ | নার্সারি ম্যানেজমেন্ট সিস্টেম (এনএমএস)<br>লিংক: http://bfis.bforest.gov.bd/nms/public/index.php/admin/login | বন অধিদপ্তরের মাঠ পর্যায়ের এসএফএনটিসি/ রেঞ্জ ও এসএফপিসি/ বিট সমূহ | সামাজিক বন বিভাগের আওতাধীন দপ্তরসমূহের মাধ্যমে বিভিন্ন প্রজাতির গাছের চারা উত্তোলন ও বিক্রয়/বিতরণ সম্পন্ন করা হয়। যেখানে চারা উত্তোলনের জন্য বিট/এসএফপিসি (নার্সারি কেন্দ্র) অফিস থেকে প্রথমে রেঞ্জ/এসএফএনটিসি পরবর্তীতে সহকারী বন সংরক্ষক এবং বিভাগীয়ে বন কর্মকর্তার অনুমোদন গ্রহণ করতে হয়। একইভাবে, চারা বিক্রয়/বিতরণের ক্ষেত্রেও একই ধাপ অনুসরণ করা হয়। এই প্রক্রিয়ার ধাপসমূহের সময় কমানো, মনিটরিং, পেপারলেস ইন্সট্যান্ট রিপোর্টিং, জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকল্পে পাইলটিং আকারে ওয়েব বেইজড নার্সারি ম্যানেজমেন্ট সিস্টেম (এনএমএস) তৈরি করা হয়েছে। কার্যক্রমটি সফলভাবে পাইলট আকারে সামাজিক বন বিভাগ, ঢাকা কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। সামাজিক বনায়নে অন্তর্ভুক্ত সকল বিভাগসমূহে ক্রমান্বয়ে এই কার্যক্রম বাস্তবায়ন করা হবে। | মাঠ পর্যায়ের এসএফএনটিসি/ রেঞ্জ ও এসএফপিসি/ বিট সমূহের চারা উত্তোলন ও বিক্রয়/ বিতরণ সংক্রান্ত ডেটাবেইস পরিচালনা, প্রজাতি ভিত্তিক মজুদের পরিমাণ নির্ণয়, রিপোর্টিং ও পরিবীক্ষণে স্বচ্ছতা নিশ্চিত ও সময় হ্রাস করা সম্ভব হয়েছে। | চলমান |

| ক্র | ডিজিটাইজড/ই-সেবার নাম | সেবার ক্ষেত্র | সেবার বিবরণ | ফলাফল | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|
| ০৪ | সুন্দরবনে ইকোট্যুরিজম স্পটসমূহ ভ্রমণে ই-টিকেটিং<br>লিংক: https://sundarbantourism.bforest.gov.bd/en | সুন্দরবনে দর্শণার্থীদের ভ্রমণের জন্য নির্ধারিত স্থানসমূহ | সুন্দরবন পশ্চিম বন বিভাগ ও সুন্দরবন পূর্ব বন বিভাগের মাধ্যমে কার্যক্রমটি পরিচালনা করা হচ্ছে। দর্শণার্থীগণ নির্ধারিত ওয়েবসাইটের মাধ্যমে সকল প্রকার ট্যুরের বুকিং ও কাঙ্ক্ষিত টিকেট ক্রয় করতে পারেন। অনলাইনে প্রত্যেকটি ট্যুরিজম স্পটের জন্য নির্ধারিত ট্যুর অপারেটরদের পেমেন্ট করার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া, সিস্টেমের জনপ্রিয়তা বৃদ্ধির লক্ষ্যে এটি প্রচারের নানামুখী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | দর্শণার্থীগণ ই-টিকেটিং সাইটের মাধ্যমে দর্শনীয় স্থান সমূহের বিবরণ, বন্ধের দিন, সতর্কতামূলক তথ্য সংগ্রহ, অগ্রিম টিকেট বুকিং ইত্যাদি কার্যক্রম ডিজিটাইজড পদ্ধতিতে সংগ্রহ করতে পারছেন। এছাড়া দর্শণার্থী সম্পর্কিত ডেটাবেইস পরিচালনা, রিপোর্টিং ও পরিবীক্ষণ সহজতর হয়েছে। | চলমান |
| ০৫ | সাইট স্পেসিফিক প্লানিং (এসএসপি)<br>লিংক: http://ssp.bforest.gov.bd/ | মাঠ পর্যায়ের বিট সমূহের অন্তর্গত বনায়নের জন্য নির্ধারিত স্থানসমূহ | টেকসই বন ও জীবিকা (সুফল) প্রকল্পের আওতায় অবক্ষয়িত বন পুনঃপ্রতিষ্ঠায় সাইট স্পেসিফিক প্লানিং (এসএসপি) প্রবর্তন এবং ড্যাসবোর্ডের মাধ্যমে অনলাইনে তথ্য ভান্ডার তৈরি ও পরিচালনা করা হচ্ছে। এ যাবৎ ১,০১,২১৩ হেক্টর বনায়ন এলাকায় সাইট স্পেসিফিক প্লানিং পরিচালনা শেষে তথ্যাদি অনলাইন তথ্য ভান্ডারে স্থানান্তর করা হয়েছে। এ কাজে মাঠ পর্যায়ে ৬৫৬ জন বন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ২০০টি ব্লাকভিউ ট্যাব ব্যবহার করে সরেজমিনে এসএসপি কাজ পরিচালনা করা হচ্ছে। একটি ড্যাসবোর্ড এর মাধ্যমে বিট কর্মকর্তার দপ্তর হতে বিভাগীয় বন কর্মকর্তার দপ্তর পর্যন্ত বিভিন্ন স্তরে তথ্য যাচাই-বাছাই ও অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে। মোট ৩২৪ টি বন বিটের ইনডেক্স ম্যাপ প্রণয়ন করা হয়েছে। এসএসপি তথ্য ভান্ডারের তথ্যাদি বন পুনঃপ্রতিষ্ঠায় সৃজিত বাগানের সার্বিক মনিটরিং কাজে ব্যবহৃত হচ্ছে। | বাগান সৃজন ও পুনঃবনায়নে স্বচ্ছতা, জবাবদিহিতা, ড্যাশবোর্ডের মাধ্যমে অনলাইনে তথ্য ভান্ডার তৈরি, রিপোর্ট প্রণয়ন ও ডিজিটাল ডেটাবেইজ প্রণয়ন করা সম্ভব হচ্ছে। এছাড়া সুফল প্রকল্পে সম্পৃক্ত ৪১,০০০ জন সুবিধাভোগী এ তথ্য ভান্ডার হতে সরাসরি প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | চলমান |
| ০৬ | সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগীদের মাঝে লভ্যাংশের চেক অনলাইনে বিতরণ | মাঠ পর্যায়ে সামাজিক বনায়ন কার্যক্রম পরিচালনাকারী স্থানসমূহ | ম্যানুয়াল চেক বিতরণ প্রক্রিয়ায় একজন উপকারীরভোগীর চেক প্রাপ্তিতে দীর্ঘ সময় অর্থাৎ ইতোপূর্বে চেক প্রাপ্তিতে প্রায় ১ মাসের অধিক সময় ব্যয় হয়েছে। এছাড়াও উপকারভোগী দরিদ্র জনগোষ্ঠী হওয়ায় চেক বিতরণের দিনে সে তার দৈনিক কর্ম এবং আয় থেকেও বঞ্চিত হয়েছে এবং প্রত্যন্তাঞ্চল থেকেও শহরে চেক নেওয়ার জন্য আসার কারণে সময় এবং অর্থের দিক থেকে ক্ষতিগ্রস্থ হয়েছে। এছাড়াও নির্দিষ্ট দিনে উপকারভোগী কোন কারণে উপস্থিত না হতে পারায় পরবর্তীতে চেক প্রাপ্তিতে ভোগান্তির সৃষ্টি হয়েছে। অনেক চেক একসাথে প্রদানের কারণে একজনের চেক অন্যজনের কাছে অথবা মিথ্যার আশ্রয় নিয়ে | চেক বিতরণে সময় সাশ্রয় ও স্বচ্ছতা নিশ্চিতকরণ সম্ভব হয়েছে। | চলমান |

| ক্র | ডিজিটাইজড/ই-সেবার নাম | সেবার ক্ষেত্র | সেবার বিবরণ | ফলাফল | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|
| | | | উপকারভোগী নয় এমন ব্যক্তিও চেক গ্রহণ করতে পারে। উপকারভোগীর কাগজপত্র এবং একাউন্ট পরীক্ষান্তে অনলাইনে শেয়ারের অর্থ বিতরণ উদ্ভাবনের ফলে স্বল্প সময়ে ভোগান্তি ব্যতিরেকে নিজস্ব একাউন্ট এর মাধ্যমে উপকারভোগীর টাকা প্রাপ্তি নিশ্চিত করা হয়েছে যা তাদের আর্থ -সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করছে। | | |
| ০৭ | বন অধিদপ্তরের সকল বনভূমির গেজেট সংগ্রহপূর্বক বন বিভাগওয়ারী ওয়েব-সাইটে প্রকাশ<br>লিংক: https://bforest.gov.bd/ | সমগ্র বাংলাদেশ | বন অধিদপ্তরের সকল বনভূমির গেজেট সংগহপূর্বক বন বিভাগওয়ারী ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। বনভূমির গেজেট ডিজিটালাইজেশন করার ফলে একজন নাগরিক কোন জমিটি বন বিভাগের বা মালিকানাধীন তা ঘরে বসেই দুততম সময়ের মধ্যে জানতে পারে। ইতোপূর্বে বিষয়টি জানার জন্য তাদের বন বিভাগসহ কোনো কোনো ক্ষেত্রে ইউনিয়ন ভূমি অফিস, সহকারী কমিশনার (ভূমি)-এর অফিস, জেলা প্রশাসক এর কার্যালয় এবং ভূমি জরীপ অধিদপ্তরের সাথে বার বার যোগাযোগ করতে হতো। এর ফলে জনগণের জমি সংক্রান্ত তথ্য প্রাপ্তির ক্ষেত্রে দীর্ঘসূত্রীতার সৃষ্টি সহ জনগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ এবং ভোগান্তির শিকার হতো। মধ্যসত্ত্বভোগী দালালদের সরবরাহ করা জাল দলিল ও ভূয়া তথ্যের মাধ্যমে জনগণকে প্রতারণার শিকার হতে হতো এবং এর ফলে প্রচুর বনভূমিও জবরদখল হতো। বনভূমির গেজেট ওয়েবসাইটে প্রকাশে জনগণ তাৎক্ষণিকভাবে তথ্যাদি পাওয়ায় তাদের ভোগান্তি দূর করা সম্ভব হয়েছে। পাশাপাশি বনভূমি জবরদখলের প্রক্রিয়া ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। | স্বপ্রণোদিতভাবে তথ্য প্রকাশ, বনভূমির পাশের জমি ক্রয়-বিক্রয়ে ক্রেতা/ বিক্রেতা কর্তৃক বনভূমির জমি কি না যাচাই ও বনভূমি জবরদখল রোধ করা সম্ভব হচ্ছে। | চলমান |
| ০৮ | CITIES (এর তফসিলভুক্ত পোষা পাখি আমদানির Permit/Certificate ও NOC প্রদান<br>লিংক: http://bfis.bforest.gov.bd/bfd-noc/f2/home/ | সারাদেশের সেবা প্রত্যাশীগণ | CITIES (Convention on International Trade in Endangered Species) এর তফসিলভুক্ত পোষা পাখি আমদানির Permit/Certificate ও NOC গ্রহণের লক্ষ্যে সেবা প্রত্যাশীগণ উল্লিখিত ওয়েব বেইজড অ্যাপ্লিকেশন ব্যবহার করে অনলাইনে আবেদন এবং সংশ্লিষ্ট সংযুক্ত ডকুমেন্টস আপলোড করতে পারেন। পরবর্তীতে বন অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ এডমিন লগইন করে নিজ আইডি থেকে প্রয়োজন অনুসারে আবেদন আপওয়ার্ড ও ডাউনওয়ার্ড প্রেরণ এবং যাচাই-বাছাই শেষে Permit/Certificate ও NOC এপ্রুভ কিংবা বাতিল করেন। এক্ষেত্রে আবেদনকারী যে কোনো সময় তাঁর আবেদনের সর্বশেষ অবস্থা ট্র্যাক করতে পারেন। তাছাড়া, কাস্টম | Permit/Certificate ও NOC প্রদান প্রক্রিয়ার সময় হ্রাস, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, অফিস ভিজিট পরিহার এবং পরবর্তীতে সঠিকতা যাচাই প্রক্রিয়া সহজতর এবং ডিজিটালাইজড করা সম্ভব হয়েছে। | চলমান |

| ক্র | ডিজিটাইজড/ই-সেবার নাম | সেবার ক্ষেত্র | সেবার বিবরণ | ফলাফল | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|
| | | | কর্তৃপক্ষ সহজেই Permit/Certificate ও NOC এর সাথে সংযুক্ত কিউআর কোড স্ক্যান করে সঠিকতা যাচাই করতে পারেন। | | |
| ০৯ | Wildlife Offense Reporting Tools (WORT)<br>লিংক: [http://bfis.bforest.gov.bd/wort/](http://bfis.bforest.gov.bd/wort/) | সারাদেশের সেবা প্রত্যাশীগণ | বন্যপ্রাণী সংরক্ষণ বিষয়ক আইন, বিধিমালা, বন্যপ্রাণী প্রজাতি পরিচিতি এবং প্রজাতি সনাক্তকরণ গাইড সংবলিত এ ওয়েব বেইজড প্ল্যাটফরম সারা দেশে সংগঠিত বন্যপ্রাণী সংক্রান্ত অপরাধ দ্রুত সনাক্তকরণ ও ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে প্রস্তুত করা হয়েছে। এই সাইট ব্যবহার করে পুলিশ, র‍্যাব, কাস্টম কর্তৃপক্ষসহ অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যগণ জব্দ তালিকা, মালামাল ও অপরাধ সংক্রান্ত ছবি, ফরেনসিক রিপোর্ট, টেকওভার ডকুমেন্টস ইত্যাদিসহ বন্যপ্রাণী অপরাধ রিপোর্ট প্রণয়ন করে প্রেরণ করেন। ফলে বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট ও বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চলের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করেন। | বন্যপ্রাণী বিষয়ক অপরাধসমুহের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ, সংগঠিত অপরাধের ডেটাবেইজ প্রস্তুত এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে যোগাযোগ সহজীকরণ করা সম্ভব হয়েছে। | চলমান |
| | **বাস্তবায়নাধীন সেবাসমুহ** | | | | |
| ০১ | সার্ভিস রেকর্ড ম্যানেজমেন্ট সিস্টেম (এসআরএমএস)<br>লিংক:<br>http://bfis.bforest.gov.bd/srms/login | বন অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের চাকরি বিবরণী সংক্রান্ত ডেটাবেইজ প্রণয়ন | বন অধিদপ্তরের মানব সম্পদ ব্যবস্থাপনা পদ্ধতি সহজিকরণ ও ডিজিটালি ডেটা ম্যানেজমেন্ট করার লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের সার্ভিস সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি অন্তর্ভুক্ত করে ওয়েব অ্যাপ্লিকেশন “সার্ভিস রেকর্ড ম্যানেজমেন্ট সিস্টেম (এসআরএমএস)” প্রস্তুত করা হয়েছে। বর্তমানে সিস্টেমটিতে বন অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্চারীদের তথ্যাদি ইনপুট কার্যক্রম চলমান রয়েছে। | পিআরএল, এসিআর, বদলি, পদায়ন, ছুটি মঞ্জুর, প্রশিক্ষণ ব্যবস্থাপনা ইত্যাদি অভ্যন্তরীণ সেবা প্রদানের সময় হ্রাস, ডেটাবেইজ পরিচালনা, পেপারলেস মনিটরিং, রিপোর্টিং, মানবসম্পদ ব্যবস্থাপনা ইত্যাদি সহজতর হবে। | বাস্তবায়নাধীন |
| ০২ | সামাজিক বনায়নে স্মার্ট ব্যবস্থাপনা<br>লিংক:<br><br>http://sufal.bfor | সামাজিক বনায়ন কার্যক্রম পরিচালিত বন বিভাগসমূহ | সামাজিক বনায়নের আওতায় বাগান সৃজন, কর্তন, বনায়নের সাথে সংশ্লিষ্ট পক্ষগণের (ভূমি মালিক সংস্থা, ইউনিয়ন পরিষদ, উপকারভোগী ও বন অধিদপ্তর) মাঝে লভ্যাংশ বিতরণ ও টিএফএফ( Tree Farming Fund) দ্বারা পুন:বনায়ন সংক্রান্ত তথ্যাদির অনলাইন সফটওয়্যার চালুকরার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। কার্যক্রমটি পাইলট আকারে সামাজিক বন বিভাগ, ঢাকা ও ঢাকা বন বিভাগ এর আওতাধীন দপ্তরসমূহ কর্তৃক বাস্তবায়ন | সামাজিক বনায়নের সাথে সম্পৃক্ত কার্যক্রমসমুহের স্বচ্ছতা আনয়ন ও অফিসিয়াল কার্যক্রমের সময় হ্রাস করা সম্ভব হবে। | বাস্তবায়নাধীন |

| ক্র | ডিজিটাইজড/ই-সেবার নাম | সেবার ক্ষেত্র | সেবার বিবরণ | ফলাফল | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|
| | est.gov.bd:8090/ Account/Login | | করা হচ্ছে। সামাজিক বনায়নের অন্তর্ভূক্ত সকল বিভাগসমূহে ক্রমান্বয়ে এই কার্যক্রম বাস্তবায়ন করা হবে। | | |
| ০৩ | সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা ও সহ-ব্যবস্থাপনা কার্যক্রমে সম্পৃক্ত সুবিধাভোগীগণের ডাটাবেজ তৈরি<br>লিংক: http://sufal.bforest.gov.bd:8090/ Account/Login | সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা ও সহ-ব্যবস্থাপনা কার্যক্রমের জন্য নির্ধারিত বনভূমি | টেকসই বন ও জীবিকা (সুফল) প্রকল্পের আওতায় সহযোগিতামূলক বন ব্যবস্থাপনায় সম্পৃক্ত সুবিধাভোগীগণের অনলাইন তথ্য ভান্ডার তৈরি করা হয়েছে। এ তথ্য ভান্ডারে প্রকল্পে সম্পৃক্ত ৪১,০০০ জন সুবিধাভোগীলগণের বেজলাইন তথ্য, জীবিকা উন্নয়ন সংশ্লিষ্ট তথ্য, প্রশিক্ষণের তথ্য, ব্যংকিং হিসাবের তথ্য মডিউল আকারে সংরক্ষণ করা হচ্ছে। বিভিন্ন মডিউল সমূহের মধ্যে সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা (সিএফএম) মডিউল, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট মডিউল, কমিউনিটি লাইভলিহুড মডিউল, লেবার ডাটাবেস মডিউল, ব্যাংক হিসাব ব্যবস্থাপনা মডিউল অন্যতম। সহযোগিতামূলক বন ব্যবস্থাপনার দৈনন্দিন কাজ পরিচালনা করার জন্য এ তথ্য ভান্ডার ব্যবহার করা হচ্ছে। মডিউল পরিচালনা ও হালনাগাদ তথ্য সন্নিবেশের জন্য ইতিমধ্যে ৬১৫ জন বুক কিপার, ১০৯ জন রেঞ্জ কর্মকর্তা, ২৯৯ জন বিট কর্মকর্তা কে মাঠপর্যায়ের প্রশিক্ষিণ দেয়া হয়েছে। এ ছাড়া বন অধিদপ্তরের ২১ জন কর্মকর্তাকেও উল্লেখিত বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। একটি মোবাইল অ্যাপ তৈরি করা হয়েছে। এ অ্যাপ এর মাধ্যমে সুবিধাভোগীগণ তথ্য আদান প্রদান করতে পারবে। | সুবিধাভোগীদের ডেটাবেইজ প্রস্তুত, রিপোর্ট প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণে প্রস্তুতকৃত ওয়েব অ্যাপ্লিকেশন ব্যবহার করা যাবে। | বাস্তবায়নাধীন |
| ০৪ | মাইগভ প্ল্যাটফরমে বন অধিদপ্তরের ১৪ টি নাগরিক সেবা প্রদান<br>লিংক: https://www.mygov.bd/ | সারাদেশের সেবা প্রত্যাশী নাগরিকগণ | এটুআই প্রোগ্রাম কর্তৃক প্রস্তুতকৃত ডিজিটাল জিটুসি (গভর্নমেন্ট টু সিটিজেন) সেবা প্রদানের প্ল্যাটফরম 'মাইগভ'-এ লাইভ করার জন্য বন অধিদপ্তরের ১৪ টি নাগরিক সেবার ভ্যালিডেশন সম্পন্ন করা হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণের প্রশিক্ষণ প্রদান পূর্বক সেবাসমুহ অনলাইনে প্রদানের কার্যক্রম চলমান।<br><br>**সেবার তালিকা:**<br>১। সরকারি বনে গবেষণা কাজের অনুমতি প্রদান;<br>২। সুন্দরবন ও অন্যান্য রক্ষিত এলাকায় শুটিং এর অনুমতি প্রদান;<br>৩। অনাপত্তিপত্র (NOC) প্রদান (জীবিত ও হিমায়িত কাঁকড়া রপ্তানি);<br>৪। বন্যপ্রাণী সংক্রান্ত গবেষণার অনুমতি প্রদান;<br>৫। গাছের চারা রপ্তানির অনাপত্তি (NOC) প্রদানের আবেদন; | নির্ধারিত সেবাসমুহ নাগরিকগণ সম্পূর্ণ অনলাইন মাধ্যমে গ্রহণ করতে পারবেন। | বাস্তবায়নাধীন |

| ক্র | ডিজিটাইজড/ই-সেবার নাম | সেবার ক্ষেত্র | সেবার বিবরণ | ফলাফল | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|
| | | | ৬। হরিণ লালন-পালন খামারের জন্য লাইসেন্সের আবেদন;<br>৭। হরিণ খামারীর জন্য ইস্যুকৃত লাইসেন্স/ পজেশন সার্টিফিকেট নবায়নের আবেদন;<br>৮। হরিণের পজেশন সার্টফিকেটের জন্য আবেদন;<br>৯। কুমির লালন পালন খামারের জন্য লাইসেন্সের আবেদন;<br>১০। কুমির খামারীর জন্য ইস্যুকৃত লাইসেন্স নবায়নের আবেদন;<br>১১। কুমিরের পজেশন সার্টিফিকেটের জন্য আবেদন;<br>১২। হরিণ/কুমির এর লাইসেন্সের প্রতিলিপির জন্য আবেদন;<br>১৩। হরিণ/কুমির এর পজেশন সার্টিফিকেটের প্রতিলিপির জন্য আবেদন;<br>১৪। গবেষণার কাজে CITES Appendix বহির্ভূত বন্যপ্রাণীর নমুনা বিদেশে প্রেরণ বা নমুনা বিদেশ থেকে নিয়ে আসা সংক্রান্ত; | | |
| ০৫ | ই-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম | বন অধিদপ্তরের প্রধান কার্যালয় | বন অধিদপ্তরের প্রধান বন সংরক্ষকের কার্যালয়ের পরিচালন খাত হতে ক্রয়কৃত স্টেশনারি ও অন্যান্য দ্রব্যাদি ব্যবহার সংক্রান্ত ডিজিটাল ড্যাশবোর্ড প্রস্তুত, ব্যবহারকারী ব্যবস্থাপনা, পণ্য ব্যবস্থাপনা, রিকুইজেশন মডিউল, সাপ্লাইয়ার ও অফিসার্স মডিউল, স্টক মডিউল, পণ্য গ্রহণে অনুমতি ব্যবস্থাপনা, ডেলিভারি ও স্টকআউট মডিউল, অ্যাডমিন মডিউল এবং রিপোর্ট মডিউল ইত্যাদি সমৃদ্ধ ওয়েব বেইজড ডিজিটাল সিস্টেম প্রস্তুতের কার্যক্রম চলমান। | স্টোর ম্যানেজমেন্টে স্বচ্ছতা বৃদ্ধি, সক্ষমতা উন্নয়ন, নিয়ন্ত্রণ, সময় ও খরচ হ্রাস, পার্ফরম্যান্স পরিমাপ ও রিয়েল টাইম রিপোর্ট প্রণয়ন সম্ভব হবে। | বাস্তবায়নাধীন |
| ০৬ | ই-লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম | বন অধিদপ্তরের প্রধান কার্যালয় | বন অধিদপ্তরের প্রধান বন সংরক্ষকের কার্যালয়ের লাইব্রেরিতে ডিজিটাল ড্যাশবোর্ড প্রস্তুত, ব্যবহারকারী ব্যবস্থাপনা, বই ব্যবস্থাপনা, রিকুইজেশন মডিউল, সাপ্লাইয়ার ও অফিসার্স মডিউল, স্টক মডিউল, বই গ্রহণে অনুমতি ব্যবস্থাপনা, ডেলিভারি ও স্টকআউট মডিউল, অ্যাডমিন মডিউল এবং রিপোর্ট মডিউল ইত্যাদি সমৃদ্ধ ওয়েব বেইজড ডিজিটাল সিস্টেম প্রস্তুতের কার্যক্রম চলমান। | সেবাটি চালু করা হলে লাইব্রেরি হতে সেবা গ্রহণকারীগণ, পরিচালনাকারীগণ এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সহজে সেবা গ্রহণ, রিপোর্ট প্রদান ও সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন। | বাস্তবায়নাধীন |

| ক্র | ডিজিটাইজড/ই-সেবার নাম | সেবার ক্ষেত্র | সেবার বিবরণ | ফলাফল | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|
| | **ভবিষ্যতে ডিজিটাইজেশনযোগ্য সেবাসমুহ** | | | | |
| ০১ | বন অধিদপ্তর কর্তৃক পরিচালিত দর্শনীয় স্থান সমূহে ই-টিকেটিং বাস্তবায়ন | বন অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন সাফারী পার্ক, বোটানিক্যাল গার্ডেন, ইকো-পার্ক, সুন্দরবন ইত্যাদি পর্যটন কেন্দ্রসমূহ। | বন অধিদপ্তর কর্তৃক পরিচালিত দর্শনীয় স্থান সমূহে বর্তমান টিকেটিং পদ্ধতির সাথে ই-টিকেটিং কার্যক্রম পরিচালনা করা হলে দর্শণার্থীগণ নির্ধারিত সাইট ব্যবহার করে ভ্রমণের পূর্বে অনলাইনে টিকেট সংগ্রহ করবেন। পরবর্তীতে স্পটে প্রবেশের পূর্বে প্রদত্ত টিকেটের কিআর কোড স্ক্যান করা হবে। এতে দর্শণার্থীদের একটি ডেটাবেইজও প্রস্তুত করা সম্ভব হবে। | দর্শণার্থীগণ ই-টিকেটিং সাইটের মাধ্যমে দর্শনীয় স্থান সমূহের বিবরণ, বন্ধের দিন, সতর্কতামূলক তথ্য সংগ্রহ, অগ্রিম টিকেট বুকিং ইত্যাদি কার্যক্রম ডিজিটাইজড পদ্ধতিতে সংগ্রহ করতে পারবেন। এছাড়া, কোনো স্পটে একদিনে আগত দর্শণার্থীর সংখ্যা নির্ধারিত করে দেওয়ার সুযোগ তৈরি হবে। | ভবিষ্যতে ডিজিটাইজেশন যোগ্য |
| ০২ | Light Detection & Ranging (LiDAR) প্রযুক্তি ব্যবহার করে বৃক্ষসম্পদের পরিমাণ নির্ণয় | দেশের যে কোনো বৃক্ষ আচ্ছাদিত এলাকার সম্পূর্ণ বা আংশিক অংশ। | ড্রোন বা টেরেস্ট্রিয়াল প্ল্যাটফরমে LiDAR সেন্সর স্থাপন করে ইমেইজ সংগ্রহকরণ। পরবর্তীতে, সফটওয়্যারের মাধ্যমে ইমেজ প্রসেসিং ও এনালাইসিস করে বৃক্ষসম্পদের পরিমাণ নির্ণয়করণ। | বৃক্ষসম্পদের মোট পরিমাণ, stem per hectre, কার্বন ও বায়োমাসের পরিমাণ নির্ণয় এবং Sample based Data এর সাথে LiDAR based Data এর মডেল প্রস্তুত। | ভবিষ্যতে ডিজিটাইজেশন যোগ্য |